গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়
সমন্বয় শাখা
বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
www.mowca.gov.bd

**"অধিকার, সমতা, ক্ষমতায়ন
নারী ও কন্যার উন্নয়ন"**

**বিষয়: মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অক্টোবর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী:-**

সভাপতি : জনাব মমতাজ আহমেদ, এনডিসি
সিনিয়র সচিব, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়।

তারিখ ও সময় : ২৭/১০/২০২৫ সোমবার, সকাল ১০:০০ ঘটিকা।

স্থান : মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সভাকক্ষ।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করা হয়। অত:পর সেপ্টেম্বর/২০২৫ মাসের সমন্বয় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় সংশোধনীসহ সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়। সভাপতির অনুমতিক্রমে যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভার কার্যপত্র উপস্থাপন করেন। সভায় আলোচ্যসূচি ভিত্তিক নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়ঃ

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | সৃষ্টিশীল, নাগরিক-বান্ধব মানসিকতা নিয়ে প্রতিটি মন্ত্রণালয়/বিভাগকে জরুরি ভিত্তিতে প্রয়োজনীয় সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং একই সাথে স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন | সংস্কার পরিকল্পনা প্রণয়ন এবং স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন প্রতিবেদন প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়। সভাকে অবহিত করা হয় যে, এ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে।<br><br>(ii) যুগ্মসচিব (প্রশাসন) সভাকে জানান যে, নারী সংস্কার কমিশনের সুপারিশ বাস্তবায়নের জন্য কমিটি গঠন করা হয়েছে এবং সকল তথ্য সংগ্রহ করা হয়েছে। পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য গঠিত কমিটি সংস্কার কার্যক্রম সমূহ বাস্তবায়নের জন্য কাজ করছে। | (i) স্বল্প, মধ্য ও দীর্ঘমেয়াদি সংস্কার কর্মসূচি বাস্তবায়নের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন করতে হবে।<br><br>(ii) মন্ত্রিপরিষদ বিভাগের সুপারিশ অনুযায়ী স্থায়ী নারী সংস্কার কমিশন গঠন করতে হবে এবং পূর্বের এবং নতুন সংস্কার কর্মসূচি সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য দপ্তর/সংস্থা/একাডেমির প্রতিনিধির সমন্বয়ে সভা করে একটি কমিটি তৈরি করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |
| ২. | সমন্বয় সভা | (ক) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখাকে সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সুনির্দিষ্ট তথ্য সমন্বয় শাখায় প্রেরণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) কার্যপত্র তৈরি করার জন্য প্রত্যেক শাখা হতে শাখা সংশ্লিষ্ট কার্যক্রমের বাস্তবায়ন অগ্রগতি এবং দপ্তর/সংস্থা/একাডেমির সিদ্ধান্তের বাস্তবায়ন অগ্রগতি প্রতি মাসের ০৫ তারিখের মধ্যে সমন্বয় শাখায় প্রেরণ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৩. | ডিজিটাল নথি ব্যবস্থাপনা | (ক) এ টু আই (a2i) থেকে প্রাপ্ত ড্যাশবোর্ড তথ্য অনুযায়ী -<br>• মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়- ৯৩.১৭%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরের ডি-নথি কার্যক্রমের শতকরা হার- ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি- ৯৮.২৬%।<br>• জাতীয় মহিলা সংস্থা- ৯৮.০২%।<br>• জয়িতা ফাউন্ডেশন- ৮৪.৭৫%।<br><br>সকল শাখার ডি নথির কার্যক্রম ধারাবাহিকভাবে সভায় তুলে ধরা হয়। মন্ত্রণালয়ের শিশু সুরক্ষা, শিপ্রায ও আইন শাখার ডি-নথির কার্যক্রম শূন্য হওয়ায় মন্ত্রণালয়ের ডি-নথির কার্যক্রম ৯৫% এর নিচে নেমে ৯৩.১৭% হয়েছে। যে সকল শাখার কার্যক্রম কমপেক্ষে ৯৫% এর কম সে সকল শাখাকে পরবর্তী মাস থেকে ডি-নথির মাধ্যমে নথি নিষ্পত্তি করে কার্যক্রম ৯৫% এর উপরে বাড়ানোর জন্য সভাপতি নির্দেশনা দেন। | (ক) ডি-নথিতে নূন্যতম ৯৫% কার্যক্রম থাকতে হবে। ডি-নথির কার্যক্রম ৯৫% এর কম হলে মন্তব্যের কলামে ৯৫% এর কম হওয়ার কারণ উল্লেখ করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ) ও নির্বাহী পরিচালক (জামস)। |
| | | (খ) নির্বাহী পরিচালক, জয়িতা ফাউন্ডেশন সভাকে অবহিত করেন যে, ডি-নথির কার্যক্রমের হার বাড়ানোর চেষ্টা অব্যাহত রয়েছে। জয়িতা ফাউন্ডেশনের ডি-নথির কার্যক্রম বৃদ্ধিসহ পর্যায়ক্রমে ৯৫% এবং ১০০% অর্জনে সচেষ্ট থাকতে সভাপতি নির্দেশনা দেন। | (খ) জয়িতা ফাউন্ডেশন কে ডি-নথির কার্যক্রমে সক্রিয় হতে হবে। | (খ) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন। |
| | | (গ) সভাকে অবহিত করা হয় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর এর অর্গানোগ্রাম এখনো অনুমোদন না হওয়ায় ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে করা যাচ্ছে না। সভাপতি জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী এবং ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত কার্যক্রমটি সম্পন্ন করার জন্য নির্দেশনা দেন। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের প্রস্তাব অনুযায়ী ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের কার্যক্রম ডি-নথিতে অন্তর্ভূক্তির বিষয়ে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (গ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৪. | পরিদর্শন। | (ক) **শাখা/অধিশাখা পরিদর্শন**:<br>সেপ্টেম্বর-২০২৫ মাসে –<br>• উপসচিব (উন্নয়ন-১) সংশ্লিষ্ট শাখা পরিদর্শন করেন।<br><br>নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা/অধিশাখা পরিদর্শন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন প্রতিবেদনের সুপারিশ সমূহ একত্রিত করে বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে।<br><br>প্রত্যেক কর্মকর্তাকে নিজ দায়িত্বে নির্দিষ্ট সময় অন্তর তাদের শাখা/অধিশাখা পরিদর্শনের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) অধিশাখা ও শাখা প্রধানগণ সচিবালয় নির্দেশমালা ২০২৪ অনুযায়ী নিয়মিত নির্দিষ্ট সময় অন্তর শাখা পরিদর্শন করবেন এবং শাখা পরিদর্শন শেষে প্রতিবেদন সিনিয়র সচিব ও অতিরিক্ত সচিব (প্রশাসন) বরাবর দাখিল করতে হবে। শাখা/অধিশাখা পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ এবং মাঠ পর্যায়ের পরিদর্শন প্রতিবেদনের সুপারিশসমূহ বাস্তবায়নের জন্য প্রশাসন-১ শাখা থেকে নথি উপস্থাপন করতে হবে। | (ক) সকল কর্মকর্তা (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)। |
| ৫. | মন্ত্রণালয়/দপ্তর/সংস্থা/ একাডেমির অর্গ্রানোগ্রাম/সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ সংক্রান্ত। | (ক) সভাকে অবহিত করা হয় যে, জনপ্রশাসন মন্ত্রণালয়ের সিনিয়র সচিব কর্তৃক স্বাক্ষরিত সূত্রস্থ উপানুষ্ঠানিক পত্রে মন্ত্রণালয়/বিভাগ ও অধীন দপ্তর/সংস্থার সাংগঠনিক কাঠামো নিয়মিত হালনাগাদকরণের নিমিত্ত স্ব-স্ব মন্ত্রণালয়/বিভাগের সমন্বয় সভায় 'সাংগঠনিক কাঠামো হালনাগাদকরণ' বিষয় নিয়মিত এজেন্ডা হিসাবে অন্তর্ভূক্তির জন্য জানানো হয়। এ সংক্রান্ত খসড়া তৈরি করা হয়েছে যার মাধ্যমে ২০১৫ সালের কর্মবন্টন আপডেট করা হবে। মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের সকল শাখা ও দপ্তর/সংস্থা/একাডেমির মতামত সাপেক্ষে পরিপূর্ণ কার্যক্রম গ্রহণ করা হবে মর্মে সভাকে অবহিত করা হয়। কর্মবন্টন নিয়ে আলাদা সভা করে নিষ্পত্তি করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন।<br><br>(খ) সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গ্রানোগ্রাম অনুমোদনের জন্য ১৪/০৮/২০২৪ ইং তারিখের স্মারক নং-৩২.০১.০০০০.০০১.২৮.২৬৮(অংশ-১).২২-৭৭৩ এর মাধ্যমে পত্র প্রেরণ করা হয়েছে।<br>প্রশাসনিক মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা (মবিঅ-১) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চাহিদা অনুযায়ী ০৬/০৫/২০২৫ ইং তারিখের স্মারক নং-৩২.০০.০০০০.০০১.২৮.১৮.০০১.২০২১(অংশ-৩).১৪৪ এর মাধ্যমে তথ্য প্রদানের জন্য অত্র দপ্তরে পত্র প্রেরণ করেছে। উক্ত পত্রের প্রেক্ষিতে অত্র দপ্তরের সমাপ্ত প্রকল্প/কর্মসূচি বরাবর তথ্য প্রদানের | (ক) মন্ত্রণালয়ের অর্গানোগ্রাম সংযোজন, সংশোধন ও পরিমার্জন করে উপস্থাপন করতে হবে।<br><br>(খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামোর বিষয়ে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণে দ্রুত কার্যক্রম গ্রহণ করতে হবে। | (ক) প্রশাসন-১ শাখা, মশিবিম।<br><br>(খ) মহাপরিচালক (মবিঅ), সংশ্লিষ্ট শাখা (মবিঅ-১), মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | জন্য ০২/০৯/২০২৫ ইং তারিখের স্মারক নং- ৩২.০১.০০০০.০০১.২৮.০৫৫.১৬-৬৫৫ এর মাধ্যমে পত্র প্রদান করা হয়েছে। চাহিত তথ্যাদি প্রাপ্তি সাপেক্ষে প্রশাসনিক মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>এ বিষয়ে ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে দ্রুত নিষ্পত্তি করার জন্য সভাপতি নির্দেশনা দেন। | | |
| | | (গ) নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা সভাকে অবহিত করেন যে, জনপ্রশাসন মন্ত্রণালয় কর্তৃক গত ২৯/০৯/২০১১ তারিখ ২৬৯২টি (দুই হাজার ছয়শত বিরানব্বই) পদ শর্ত সাপেক্ষে রাজস্বখাতে সৃজনে জনপ্রশাসন মন্ত্রণালয়ের সম্মতি পাওয়ার পর অর্থ মন্ত্রণালয়ের অনুমোদন গ্রহণ আবশ্যক। সেই আলোকে জনপ্রশাসন মন্ত্রণালয়ের বিধি অনুবিভাগের যুগ্মসচিব এর পরামর্শ অনুযায়ী উক্ত পদসমূহ অনুমোদনের বিষয়ে অর্থ মন্ত্রণালয়ে যোগাযোগ অব্যাহত রয়েছে। | (গ) জনপ্রশাসন মন্ত্রণালয়ের চেকলিস্ট অনুযায়ী সাংগঠনিক কাঠামো ও অর্গানোগ্রাম প্রস্তুতপূর্বক জাতীয় মহিলা সংস্থাকে আগামী সমন্বয় সভার পূর্বে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস), জামস শাখা, মশিবিম। |
| | | (ঘ) সভাকে অবহিত করা হয় যে, বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো সংক্রান্ত পূর্ণাঙ্গ আইন করা হয়েছে। সেই আইন অনুযায়ী পদ আপগ্রেডেশন, পদনাম পরিবর্তন ও অন্তর্ভূক্তিকরণ এর বিষয়ে একটি সভা করে শীঘ্রই মন্ত্রণালয়ে প্রেরণ করা হবে।<br><br>ব্যক্তিগত যোগাযোগের মাধ্যমে বিষয়টি দ্রুত সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ঘ) বাংলাদেশ শিশু একাডেমির অর্গানোগ্রাম ও সাংগঠনিক কাঠামো আগামী সমন্বয় সভার পূর্বে কার্যক্রম সম্পন্ন করে মন্ত্রণালয়ে প্রেরণ করতে হবে। | (ঘ) মহাপরিচালক (বাশিএ), শিশু শাখা, মশিবিম। |
| | | (ঙ) মহিলা বিষয়ক অধিদপ্তর, বাংলাদেশ শিশু একাডেমি ও জাতীয় মহিলা সংস্থার প্রতিনিধি সভাকে অবহিত করেন যে, ৩ সদস্য বিশিষ্ট কমিটি গঠন করা হয়েছে। গঠিত কমিটি জনপ্রশাসন মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ অব্যাহত রেখে কার্যক্রম চালিয়ে যাচ্ছে।<br>এ সংক্রান্ত কমিটিতে মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখার কর্মকর্তাকে সদস্য হিসেবে রাখার জন্য এবং কমিটিতে প্রয়োজনে সদস্য সংযোজন/বিয়োজন করে পুনরায় দ্রুত কার্যক্রম গ্রহণের বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ঙ) দপ্তর/সংস্থা একাডেমির অর্গানোগ্রামের বিষয়ে দপ্তর/সংস্থা/একাডেমির প্রধান এবং অর্গানোগ্রামের সাথে যুক্ত শাখার কর্মকর্তার সমন্বয়ে গঠিত কমিটির কার্যক্রম চলমান থাকবে। | (ঙ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখাসমূহ, মশিবিম। |
| | | (চ) সভাকে অবহিত করা হয়, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের প্রকল্প থেকে আগত জনবলকে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরে আত্তীকরণের কার্যক্রম চলমান রয়েছে।<br>এ বিষয়ে পৃথক সভা করে বিষয়টি নিষ্পত্তির জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (চ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জনবল রাজস্বখাতে স্থানান্তরের বিষয়ে পুনরায় জনপ্রশাসন মন্ত্রণালয় প্রস্তাব (পদ সৃজন, সংরক্ষণ) প্রেরণ করতে হবে। | (চ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ও সংশ্লিষ্ট শাখা। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ছ) (i) মন্ত্রণালয়ের অধীন বাস্তবায়িত প্রকল্পসমূহের যে সমস্ত প্রাসঙ্গিক জনবল রাজস্বখাতে স্থানান্তর করা হবে তাদের নাম, মেয়াদকাল, নিয়োগের সময়ে প্রদত্ত শর্ত ইত্যাদি উল্লেখপূর্বক একটি তালিকা তৈরি করে জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়েছে। যে প্রস্তাবগুলো পরিপূর্ণ নয় এবং অপ্রাসঙ্গিক সেগুলো নিয়োগের সময়ে প্রদত্ত শর্ত উল্লেখপূর্বক পুনরায় সংশোধন করে তালিকা প্রেরণের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরে প্রেরণ করা হয়েছে মর্মে মবিঅ-২ শাখার কর্মকর্তা সভাকে অবহিত করেন।<br>**এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য করা যায়।** | (ছ) (i) মন্ত্রণালয়ের অধীন প্রকল্পসমূহের যে সমস্ত জনবল রাজস্বখাতে স্থানান্তর করা হবে তাদের নাম, মেয়াদকাল, নিয়োগের সময়ে প্রদত্ত শর্ত ইত্যাদি উল্লেখপূর্বক একটি তালিকা তৈরি করে সিনিয়র সচিব এঁর নিকট প্রেরণ করতে হবে। **(বাস্তবায়িত)** | (ছ)(i) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন) ও সংশ্লিষ্ট শাখা , মশিবিম। |
| ৬. | শূন্যপদে নিয়োগ | (ক) সভাকে অবহিত করা হয় যে, ৫০ তম বিসিএস হতে নন-ক্যাডার (৯ম-১২ তম গ্রেড) শূন্য পদে নিয়োগের জন্য মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্য পদের অধিযাচন এর তথ্য পাওয়া গিয়েছে।<br>এ বিষয়ে নথি উপস্থাপন করা হয়েছে মর্মে সভাকে অবহিত করা হয়।<br>মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ২০২১ সালে যারা আবেদন করেছিল তাদের আবেদন বহাল রেখে আগামী ১০ নভেম্বরের মধ্যে টেলিটক ও কারিগরি কমিটির সহায়তায় নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করা হবে। নিয়োগ সংক্রান্ত কার্যক্রম অব্যাহত রয়েছে।<br>মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্যপদে নিয়োগ সংক্রান্ত অন্যান্য বিষয়ে সংশ্লিষ্ট শাখাকে অনুলিপি প্রেরণের মাধ্যমে অবহিত করার জন্য সভায় নির্দেশনা দেয়া হয়। | (ক) মহিলা বিষয়ক অধিদপ্তরের শূন্যপদ নিয়োগের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। ১ম ও ২য় শ্রেণীর নিয়োগ কার্যক্রম পিএসসি'এর মাধ্যমে সম্পন্ন করতে হবে। এ পর্যন্ত বিগত সময়ে পিএসসি তে যেসকল কর্মকর্তার শূন্য পদের চাহিদা প্রেরণ করা হয়েছে তা আগামী ০৭ (সাত) দিনের মধ্যে প্রেরণ করতে হবে। সকল শূন্য পদে দ্রুত নিয়োগের ব্যবস্থা করতে হবে। | (ক) মহাপরিচালক, (মবিঅ), মবিঅ-১ শাখা, প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (খ) মহাপরিচালক, বাংলাদেশ শিশু একাডেমি সভাকে অবহিত করেন যে, বাংলাদেশ শিশু একাডেমির ৫০টি শূন্যপদে জনবল নিয়োগের জন্য নিয়োগ কমিটির সভা ২০.১০.২০২৫ তারিখে অনুষ্ঠিত হয়েছে। উক্ত সভায় আগামী ১৪ ও ২২ নভেম্বর ২০২৫ তারিখে নিয়োগের লিখিত পরীক্ষা গ্রহণের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।<br>অতি দ্রুত এ সংক্রান্ত কার্যক্রম সম্পূর্ণরূপে সম্পন্ন হবে বলে আশা করা যায় মর্মে সভাকে অবহিত করা হয়। | (খ) বাংলাদেশ শিশু একাডেমির শূন্যপদের নিয়োগ সংক্রান্ত কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে। | (খ) মহাপরিচালক, বাশিএ। |
| | | (গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে জনবল নিয়োগ করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। নির্বাহী পরিচালক, জাতীয় মহিলা সংস্থা সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে। | (গ) জাতীয় মহিলা সংস্থার অফিস সহায়ক এর ১৬টি শূন্য পদে নতুন করে বিজ্ঞপ্তি দিয়ে জনবল নিয়োগ করতে হবে। | (গ) নির্বাহী পরিচালক (জামস)। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | (ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের নিয়োগবিধিটি জনপ্রশাসন, সচিব কমিটি ও বাংলাদেশ সরকারী কর্মকমিশনসহ সকল পর্যায় অতিক্রম করে বর্তমানে ভেটিং এর জন্য প্রশাসনিক মন্ত্রণালয়ের (নাশিনিপ্র) শাখায় রয়েছে।<br><br>দ্রুত পদক্ষেপ নিয়ে একটি সভা করে বিষয়টির কার্যক্রম সম্পন্ন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>যে সকল শূন্য পদ পিএসসির মাধ্যমে পূরণযোগ্য তার সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক সিনিয়র সচিবের নিকট উপস্থাপনের জন্য সভাপতি নির্দেশ দেন। | (ঘ) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের শূন্যপদে নিয়োগের বিষয়ে রাজস্বখাতে সৃজিত পদসমূহ দ্রুত পূরণের লক্ষ্যে নিয়োগবিধি চূড়ান্ত করতে হবে এবং নতুন পদ সৃজনের ক্ষেত্রে পদের নাম উল্লেখ করতে হবে। | (ঘ) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| | | (ঙ) সকল দপ্তর/সংস্থা/একাডেমিকে সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে সকল শূন্যপদে জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>দপ্তর/সংস্থা/একাডেমিতে শূন্যপদে জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ এবং নিয়োগ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য হয়। | (ঙ) সকল দপ্তর/সংস্থা/একাডেমিকে সেপ্টেম্বর মাসের ১৫ তারিখের মধ্যে সকল শূন্যপদে জনবল নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করতে হবে। আগামী সমন্বয় সভায় এ বিষয়ের বাস্তবায়ন অগ্রগতি পেশ করতে হবে। **(বাস্তবায়িত)** | (ঙ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন), মহাপরিচালক, ডিএনএ। |
| ৭. | GPMS বাস্তবায়ন | নথি উপস্থাপন করা হয়েছে। অনুমোদনের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হবে। | GPMS-এ সূচকের লক্ষ্যমাত্রা ও অর্জন নিয়ে GPMS টিম লিডারকে নিয়মিত সভা আহবান ও মনিটরিং করতে হবে। | GPMS টিম লিডার, সকল কর্মকর্তা, মশিবিম। |
| ৮. | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি | অভিযোগ গ্রহণ ও নিষ্পত্তি সংক্রান্ত সেপ্টেম্বর/২০২৫ প্রতিবেদন ০৯/১০/২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ করা হয়েছে। সেপ্টেম্বর/২০২৫ মাসে-<br>• মন্ত্রণালয়ে ০৮টি অভিযোগ পাওয়া গিয়েছে। নিষ্পত্তির হার ৬২.৫%।<br>• মহিলা বিষয়ক অধিদপ্তরে সেপ্টেম্বর/২০২৫ মাসে ২৯টি অভিযোগ পাওয়া গিয়েছে। মোট ২৯টি অভিযোগের মধ্যে ২২টি নিষ্পত্তি হয়েছে বাকি ২টি অন্য দপ্তরে প্রেরণ করা হয়েছে। নিষ্পত্তির হার ৮২.৭৬%।<br>• জাতীয় মহিলা সংস্থা হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। নিষ্পত্তির হার ১০০%।<br>• বাংলাদেশ শিশু একাডেমি ও জয়িতা ফাউন্ডেশন হতে কোন অভিযোগ পাওয়া যায়নি। | অনলাইন এবং অফলাইনের প্রাপ্ত অভিযোগসমূহ দ্রুত নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে। | যুগ্মসচিব (প্রশাসন), মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৯. | ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমি সংক্রান্ত | (ক)(i) ঢাকা মেডিকেল কলেজ থেকে ডিএনএ ল্যাবকে অন্যত্র স্থানান্তরের জন্য সভায় আলোচনা করা হয়। সেক্ষেত্রে মহিলা বিষয়ক অধিদপ্তরের খালি জায়গায় ডিএনএ ল্যাব করা যায় কিনা সেই বিষয়ে আলোচনা হয়। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর সভাকে অবহিত করেন যে, এ বিষয়ে মহিলা বিষয়ক অধিদপ্তরের কোন আপত্তি নেই। তবে মাননীয় উপদেষ্টার অনুমোদন নিয়ে কার্যক্রম গ্রহণ করলে ভালো হয়। এ বিষয়ে উপদেষ্টা মহোদয়ের নিকট দ্রুত প্রস্তাব প্রেরণকরত: প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (ক) (i) ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর ভবন নির্মাণের জমির বিষয়ে ভূমি মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত জেলা প্রশাসন, ঢাকাকে সরবরাহ করতে হবে। এ বিষয়ে পুনরায় ভূমি মন্ত্রণালয় ও জেলা প্রশাসক, ঢাকাকে পত্র প্রেরণ করতে হবে এবং সার্বক্ষণিক যোগাযোগ রাখতে হবে। | (ক) (i) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম। |
| | | (ক) (ii) সভাকে জানানো হয় যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের ভবন নির্মাণের জমির বিষয়ে ভূমি মন্ত্রণালয় কর্তৃক চাহিত প্রয়োজনীয় তথ্য ও উপাত্ত জেলা প্রশাসন, ঢাকা বরাবর প্রেরণের কালে উদ্ধর্তন কর্তৃপক্ষ এ বিষয়ে মতবিনিময় সভা করে এবং এ সময়ে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের অনুকূলে যে জমি বরাদ্দ প্রস্তাব প্রেরণ করা হয়েছে, সেটা দক্ষিনখান মৌজার খিলখেতে অবস্থিত, যা সচিবালয় ও ঢাকা মেডিকেল কলেজ হতে দূরবর্তী এবং যাতায়াতের অসুবিধার কারণে ডিএনএ পরীক্ষার মত গুরুত্বপূর্ণ কাজে বাধা সৃষ্টি হবে বলে প্রতীয়মান হওয়ায় ঢাকা মেডিকেল এর কাছাকাছি জমি বরাদ্দের জন্য গৃহায়ান ও গণপূর্ত মন্ত্রণালয়ের সাথে যোগাযোগ করে পত্র প্রেরণ করা হয়েছে।<br>**ডিএনএ ল্যাব মহিলা বিষয়ক অধিদপ্তরের অভ্যন্তরে খালি জায়গায় স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি নিষ্পন্ন করা যায়।** | (ক) (ii) ঢাকার আগারগাঁও এ ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের জমি বরাদ্দের জন্য গণপূর্ত মন্ত্রণালয়ে পত্র প্রেরণ করতে হবে। **(নিষ্পন্ন)** | (ক) (ii) নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ শাখা, মশিবিম। |
| | | (খ) (i) সভাকে অবহিত করা হয় যে, চট্টগ্রাম বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরীটি মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের অধীন ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতাধীন পরিচালিত হচ্ছে। এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি নিষ্পন্ন করা যায়। | (খ) (i) চট্টগ্রাম বিভাগের ডিএনএ ল্যাবরেটরি যদি অনুমতি ছাড়া করা হয়ে থাকে, কেন অনুমতি ছাড়া এই কার্যক্রম গ্রহণ করা হল তার ব্যাখ্যা চেয়ে জরুরীভাবে পত্র প্রেরণ করতে হবে। **(নিষ্পন্ন)** | (খ) (i) মহাপরিচালক, ডিএনএ ল্যবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| | | (খ) (ii) সভাকে অবহিত করা হয় যে, মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় ২০০৬ সালে চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালে বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরীটি প্রতিস্থিত হয়। যা বর্তমানে ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তরের আওতায় পরিচালিত হচ্ছে। | (খ) (ii) চট্টগ্রাম বিভাগে ডিএনএ ল্যাবের কার্যক্রম শুরুর তথ্য সংগ্রহপূর্বক সমন্বয় সভায় উপস্থাপন করতে হবে। **(নিষ্পন্ন)** | (খ)(ii) মহাপরিচালক, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর, নাশিনিপ্র শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | নাশিনিপ্র শাখার কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, ডিএনএ ল্যাবরেটরী ব্যবস্থাপনা অধিদপ্তর গত ১৫.০৭.২০২৫ তারিখে দুইজন বৈজ্ঞানিক কর্মকর্তা চট্টগ্রাম মেডিকেল কলেজ হাসপাতালের বরাদ্দকৃত স্থান (২২৬০ বর্গফুট) পরিদর্শনপূর্বক লে-আউট প্লান দাখিল করেছেন। সে অনুযায়ী অভ্যন্তরীণ অবকাঠামো প্রস্তুতের কার্যক্রম চলমান রয়েছে।<br>রাজশাহী মেডিকেল কলেজ হাসপাতালে অবস্থিত বিভাগীয় ডিএনএ স্ক্রিনিং ল্যাবরেটরীকে প্রোফাইলিং ল্যাবরেটরীতে উন্নীতকরণের লক্ষ্যে স্থান বরাদ্দের জন্য সরেজমিনে পরিদর্শনের নিমিত্ত একটি টিম গঠন করা হয়েছে এবং কার্যক্রম অব্যাহত রয়েছে বিধায় বিষয়টি নিষ্পন্ন করা যায়। | | |
| ১০. | শিশু অধিদপ্তর গঠন | গত ০৯ অক্টোবর, ২০২৪ তারিখ বুধবার সকাল ১০:৩০ টা হতে দিনব্যাপী মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের আওতায় প্রস্তাবিত শিশু বিষয়ক অধিদপ্তর গঠনের বিষয়ে মন্ত্রণালয় ও স্টেকহোল্ডারদের সমন্বয়ে কর্মশালা অনুষ্ঠিত হয়েছে। স্টেকহোল্ডারদের নিকট হতে শিশু অধিদপ্তর গঠনের প্রতিবেদন পাওয়া গিয়েছে। খসড়া প্রতিবেদন চুড়ান্তকরণের কার্যক্রম চলমান রয়েছে। সংশ্লিষ্ট কর্মকর্তা সভাকে অবহিত করেন যে, দ্রুত নথি উপস্থাপনের মাধ্যমে এ সংক্রান্ত কার্যক্রম গ্রহণ করা হবে। | শিশু অধিদপ্তর গঠনের কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে এবং ১৫ অক্টোবরের মধ্যে সভা আহবান করতে হবে। | শিশু সুরক্ষা শাখা, মশিবিম। |
| ১১. | জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি | (ক) **জেলা প্রশাসক সম্মেলন-২০২৪ এর**<br>• ২টি মধ্যমেয়াদি;<br>• ১টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের কার্যক্রম চলমান রয়েছে।<br>**জেলা প্রশাসক সম্মেলন-২০১৯-২০২৩ এর**<br>• ৩টি দীর্ঘমেয়াদি সিদ্ধান্তের বাস্তবায়ন কার্যক্রম চলমান রয়েছে।<br>মন্ত্রিপরিষদ বিভাগের জেলাপ্রশাসক সম্মেলনের কার্যবিবরণীতে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয়ের ১টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ১টি সিদ্ধান্ত নিষ্পত্তি করা হয়েছে।<br>প্রতিমাসে মন্ত্রিপরিষদ বিভাগে অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করা হচ্ছে। | (ক) জেলা প্রশাসক সম্মেলন ২০২৪-এর (মধ্য ও দীর্ঘ মেয়াদি) সিদ্ধান্ত বাস্তবায়ন ও জেলা প্রশাসক সম্মেলন ২০১৯-২৩-এর (দীর্ঘমেয়াদি) গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়নাধীন/ অনিষ্পন্ন/বাস্তবায়ন অগ্রগতি প্রেরণ করতে হবে। | (ক) মহাপরিচালক, মবিঅ ও মহাপরিচালক, বাশিএ। |
| | | (খ) সভাকে অবহিত করা হয় যে, মহিলা বিষয়ক অধিদপ্তরের আয় থেকে ব্যয় নির্বাহ করা হোস্টেলগুলো রাজস্বখাতভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করার জন্য একটি সারমর্ম তৈরীর নির্দেশনা রয়েছে। সারমর্মসহ সরকারি কোষাগার থেকে অর্থ বরাদ্দের জন্য ১৮ জুন ২০২৫ তারিখে স্মারক নং- ৩২.০১.০০০০.০১১.০২.১১.০০৫.১২.৪৪ নং স্মারকে পত্র প্রেরণ করা হয়েছে। | (খ) মহিলা বিষয়ক অধিদপ্তরের আয় থেকে ব্যয় নির্বাহ করা হোস্টোল গুলোর রাজস্বখাতভূক্ত করার ব্যবস্থা গ্রহণ করতে হবে এবং এ সংক্রান্ত একটি সারমর্ম তৈরি করে সরকারি কোষাগার থেকে অর্থ বরাদ্দের জন্য অর্থ বিভাগে পত্র প্রেরণ | (খ) মহাপরিচালক, মবিঅ ও সংশ্লিষ্ট শাখা, মশিবিম। |

<table>
<tr><th>ক্রমিক</th><th>আলোচ্য বিষয়</th><th>আলোচনা</th><th>সিদ্ধান্ত</th><th>বাস্তবায়নকারী</th></tr>
<tr><td></td><td></td><td>মবিঅ-২ শাখা হতে পত্র মারফত জানানো হয়েছে যে, এ সংক্রান্ত কার্যক্রম উন্নয়ন-১ শাখা সংশ্লিষ্ট। এ বিষয়ে পরবর্তী পদক্ষেপ গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন।<br><br>সকল জেলা পর্যায়ে শিশু একাডেমির নিজস্ব ভবন নেই। জমি পাওয়া না গেলে জমি অর্জন করে শিশু একাডেমি করা যায় কিনা সে বিষয়ে গত ২০/০৮/২০২৫ তারিখে মন্ত্রিপরিষদ বিভাগে অনুষ্ঠিত কর্মশালায় আলোচনা হয়। এছাড়া, কম্পিউটার প্রশিক্ষণের ক্ষেত্রে অফিস অ্যাপ্লিকেশন কোর্স চালু করা যায় কিনা তার অগ্রগতি মন্ত্রিপরিষদ বিভাগের কর্মশালায় জানতে চাওয়া হয় এবং আগামী জুন ২০২৬ এর মধ্যে বাস্তবায়নের নির্দেশনা দেয়া হয়।<br><br>(গ) দপ্তর/সংস্থা/ একাডেমির প্রতিনিধিদের সমন্বয়ে প্রশিক্ষণ নীতিমালার (সমন্বিত) উপর আলাদা একটি সভা করার বিষয়ে সভাপতি নির্দেশনা দেন।<br>সমন্বয় সভার পূর্বে সকল প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচি অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর প্রেরণ করার জন্য সভাপতি নির্দেশনা দেন।</td><td>করতে হবে।<br><br>(গ) দপ্তর/সংস্থা/ একাডেমির প্রতিনিধিদের সমন্বয়ে প্রশিক্ষণ সমন্বয়ে প্রশিক্ষণ নীতিমালার (সমন্বিত) উপর আলাদা একটি সভা করতে হবে এবং পূর্বে সকল প্রতিষ্ঠান কর্তৃক পরিচালিত প্রশিক্ষণ কর্মসূচী অত্র মন্ত্রণালয়ের সিনিয়র সচিব বরাবর প্রেরণ করতে হবে।</td><td>(গ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস), ব্যবস্থাপনা পরিচালক (জয়িতা ফাউন্ডেশন)।</td></tr>
<tr><td>১২.</td><td>মন্ত্রণালয়ের সাথে দপ্তর/সংস্থার অনিষ্পন্ন (Pending) বিষয় সংক্রান্ত।</td><td>(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ অনুযায়ী নিম্নোক্ত ছকে সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতিমাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব ও সমন্বয় শাখায় প্রেরণ করার জন্য সভাপতি মন্ত্রণালয়ের সকল শাখা/অধিশাখা, দপ্তর/সংস্থা ও একাডেমিকে নির্দেশনা প্রদান করেন।<br><br>.............. মাসের অনিষ্পন্ন বিষয়াদির বিবরণ
<table>
<tr><th rowspan="2">গত মাসের জের</th><th rowspan="2">আলোচ্য মাসে প্রাপ্তি</th><th rowspan="2">আলোচ্য মাসে নিষ্পত্তি</th><th colspan="4">মাসের শেষ কার্য দিবসে অনিষ্পন্ন</th><th rowspan="2">মন্তব্য</th></tr>
<tr><th>এক সপ্তাহের অধিক অথচ দুই সপ্তাহের বেশী নহে</th><th>দুই সপ্তাহের অধিক অথচ এক মাসের বেশি নহে</th><th>এক মাসের অধিক</th><th>মোট</th></tr>
<tr><td>১</td><td>২</td><td>৩</td><td>৪</td><td>৫</td><td>৬</td><td>৭</td><td>৮</td></tr>
<tr><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td><td></td></tr>
</table>
কোন অনিষ্পন্ন বিষয় থাকলে তার সঠিক তথ্য উল্লেখ করার এবং আরো বিস্তারিত তথ্য তুলে ধরার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br><br>(খ) (i) সভাকে অবহিত করা হয় যে, ১৪৩ জন জনবল নিয়োগের বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়ের ফরমেট অনুযায়ী একটি স্বয়ংসম্পূর্ণ প্রস্তাব প্রেরণের জন্য গত ১৮/০৩/২০২৫ তারিখ ৮৬ নং স্মারকমূলে জয়িতা ফাউন্ডেশনকে পত্র প্রেরণ করা হয়েছে।</td><td>(ক) সচিবালয় নির্দেশাবলী-২০২৪ এর নির্ধারিত ছক অনুযায়ী সুনির্দিষ্ট তথ্য উল্লেখপূর্বক প্রতি মাসের ১-৫ তারিখের মধ্যে সংশ্লিষ্ট অতিরিক্ত সচিব বরাবর এবং অনুলিপি সমন্বয় শাখায় প্রেরণ নিশ্চিত করতে হবে।<br><br>(খ) (i) জয়িতা ফাউন্ডেশনের জনবলের প্রস্তাব অর্থ বিভাগে প্রেরণ করতে হবে।</td><td>(ক) সকল কর্মকর্তা, (মশিবিম), মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা ফাউন্ডেশন), ও সমন্বয় শাখা (মশিবিম)।<br><br>(খ) (i) ব্যবস্থাপনা পরিচালক, জয়িতা ফাউন্ডেশন, মবিঅ-২ শাখা, মশিবিম।</td></tr>
</table>

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১৩. | বিবিধ | (ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে যুব ও ক্রীড়া মন্ত্রণালয়ে গত ০৮/০৭/২০২৫ তারিখে অনুষ্ঠিত জাতীয় কমিটির সভার সিদ্ধান্ত অনুযায়ী বিভিন্ন মন্ত্রণালয় কর্তৃক কর্মসম্পাদনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়। সভায় সিদ্ধান্তের আলোকে প্রশাসন-১ শাখা হতে তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের বিষয়টি সমন্বয় সভার এজেন্ডাভূক্ত করণের জন্য নির্দেশনা দেয়া হয়। | (ক) তারুণ্যের উৎসব-২০২৫ উদ্‌যাপনের লক্ষ্যে মহিলা ও শিশু বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক বিভিন্ন কর্মসূচি নির্ধারণ সংক্রান্ত। | (ক) প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (খ) সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা ও সেমিনারে যোগদান করেছেন তার বর্ণনা, তারিখসহ একটি ছোট প্রতিবেদন উপস্থাপন করার জন্য এবং প্রতি সভায় দুজন কর্মকর্তা বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রতিবেদন Power Point সহ উপস্থাপন করার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিষয়ে কার্যক্রম চলমান রয়েছে।<br>মাঠ পর্যায়ে পরিদর্শনে পাঠানোর জন্য পরিদর্শনকারীর সুবিধার্থে সুপারিশ প্রদানের পূর্বে যে এলাকায় পাঠানো হবে তার ম্যাপ ও যোগাযোগ ব্যবস্থা তুলে ধরার জন্য সভাপতি নির্দেশনা প্রদান করেন। | (খ) সমন্বয় সভা অনুষ্ঠানের পূর্ব পর্যন্ত যে সকল কর্মকর্তা বিভিন্ন সভা ও সেমিনারে যোগদান করেছেন তার বর্ণনা, তারিখসহ একটি ছোট প্রতিবেদন উপস্থাপন করবেন। প্রতি সভায় দুজন কর্মকর্তা বিদেশ ভ্রমণ সংক্রান্ত প্রতিবেদন Power Point সহ উপস্থাপন করবেন। | (খ) সকল কর্মকর্তা, মশিবিম ও প্রশাসন-১ শাখা, মশিবিম। |
| | | (গ) নাশিনিপ্র শাখা হতে জানানো হয়েছে যে, নাশিনিপ্র শাখা হতে জানানো হয়েছে যে, সেপ্টেম্বর/২০২৫ মাসে মোট নারী ও শিশু নির্যাতনের শিকার হয়েছেন ৯৯টি। যেখানে যৌন ও মানসিক নির্যাতনের শিকার হয়েছেন ৭৬ জন (যাদের মধ্যে শিশু ৫২ জন এবং নারী ২৪ জন); শারীরিক ও মানসিক নির্যাতনের শিকার হয়েছেন ১৬ জন (শিশু ০০ জন, নারী ১৬ জন) এবং অন্যান্য নির্যাতনের শিকার হয়েছেন ০৭ জন (শিশু ০৩ জন, নারী ০৪ জন)। মোট মামলার সংখ্যা-৫৬টি।<br>**এ সংক্রান্ত কার্যক্রম চলমান রয়েছে বিধায় বিষয়টি নিষ্পন্ন করা যায়।** | (গ) নারী ও শিশুর প্রতি সহিংসতার উপর রিপোর্ট প্রস্তুত ও এ সংক্রান্ত অগ্রগতি মাননীয় উপদেষ্টাকে অবগত করতে হবে।<br>**(নিষ্পন্ন)** | (গ) নাশিনিপ্র শাখা, মশিবিম। |
| | | (ঘ) মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের অধীন সংশ্লিষ্ট দপ্তর/সংস্থা/একাডেমির মালিকানাধীন জমির ভূমি উন্নয়ন কর পরিশোধ সংক্রান্ত বিবরণী সংগ্রহপূর্বক প্রাপ্ত তথ্যের আলোকে প্রশাসন-১ শাখায় কার্যক্রম চলমান রয়েছে।<br>সভাপতি সকল দপ্তর/সংস্থা/একাডেমিকে ভূমি উন্নয়ন কর/পৌর কর, গ্যাস বিল, বিদ্যুৎ বিল | (ঘ) মন্ত্রণালয় ও মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট দপ্তর সংস্থা একাডেমির অধীনে যে পরিমাণ মালিকানাধীন জমি রয়েছে তার ভূমি উন্নয়ন কর সংগ্রহসহ একটি বিবরণী তৈরি করে সিনিয়র সচিবকে | (ঘ) মহাপরিচালক (মবিঅ), মহাপরিচালক (বাশিএ), নির্বাহী পরিচালক (জামস) ও ব্যবস্থাপনা পরিচালক, (জয়িতা |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | ইত্যাদি দ্রুত পরিশোধের জন্য নির্দেশ দেন।<br>এ বিষয়ে দপ্তর/সংস্থা/একাডেমির প্রধানদের নিয়ে আলাদা সভা করা হলে আরও বেশী ফলপ্রসু হবে মর্মে সভায় উল্লেখ করা হয়।<br>এ সংক্রান্ত কার্যক্রম সম্পন্ন হয়েছে বিধায় বিষয়টি বাস্তবায়িত হিসেবে গণ্য করা যায়। | অবহিত করতে হবে। প্রযোজ্য ক্ষেত্রে পৌরকর, গ্যাস বিল, বিদ্যুৎ বিল পরিশোধ করতে হবে। **(বাস্তবায়িত)** | ফাউন্ডেশন), ও মহাপরিচালক, ডিএনএ এবং মন্ত্রণালয়ের সংশ্লিষ্ট শাখা। |
| | | (ঙ) ভবিষ্যতে সরকারি ভবন নির্মাণ করার সময় নির্মিত ভবনে যেন ডে-কেয়ার রাখা হয় সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে ডি.ও দেয়ার বিষয়ে সভাপতি নির্দেশনা প্রদান করেন।<br>সভাকে অবহিত করা হয় যে, এ বিষয়ে কার্যক্রম অব্যাহত রয়েছে। | (ঙ) ভবিষ্যতে সরকারি ভবন নির্মাণ করার সময় নির্মিত ভবনে যেন ডে-কেয়ার রাখা হয় সে বিষয়ে জনপ্রশাসন মন্ত্রণালয়কে পত্র এবং গৃহায়ণ ও গণপূর্ত মন্ত্রণালয়কে ডি.ও দিতে হবে। | (ঙ) মবিঅ-২ শাখা, মশিবিম। |
| | | (চ) গাজীপুর ও শেরপুর জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিত্যাক্ত ভবনগুলো কখন নির্মাণ করা হয়েছিল এবং ভবনগুলো কেন ব্যবহার করা হচ্ছে না তার তথ্য সংগ্রহপূর্বক সিনিয়র সচিবকে অবহিত করার বিষয়ে নির্দেশনা প্রদান করা হয়।<br>**ভবন সংক্রান্ত বিষয়ে আলাদা সভা করার ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন।** | (চ) গাজীপুর ও শেরপুর জেলায় মহিলা বিষয়ক অধিদপ্তরের পরিত্যাক্ত ভবনগুলো কখন নির্মাণ করা হয়েছিল এবং ভবনগুলো কেন ব্যবহার করা হচ্ছে না তার তথ্য সংগ্রহপূর্বক সিনিয়র সচিবকে অবহিতকরণ ও ভবন সংক্রান্ত বিষয়ে আলাদা সভা করতে হবে। | (চ) মহাপরিচালক, মবিঅ, সংশ্লিষ্ট শাখা, মশবিমি। |
| | | (ছ) বিভিন্ন হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি নেয়ার নির্দেশনার প্রেক্ষিতে সভাকে অবহিত করা হয় যে, অধিদপ্তর কর্তৃক পরিচালিত রাজস্ব খাতভূক্ত তিন (০৩টি) হোস্টেল (নীলক্ষেত/মিরপুর/খিলগাঁও) এ শূন্য সিটের বিপরীতে কয়েকগুণ বেশি আবেদন পাওয়া যায়। আবেদন অনুযায়ী কর্মজীবী নারীদের সিটের চাহিদা পূরণ করা সম্ভব হয় না। সেক্ষেত্রে ছাত্রী ভর্তির বিষয়ে হোস্টেল পরিচালনা সংক্রান্ত চলমান নীতিমালার পরিবর্তন/পরিমার্জন/সংশোধন করে পরবর্তী পদক্ষেপ গ্রহণ করা যেতে পারে।<br>হোস্টেল পরিচালনা সংক্রান্ত চলমান নীতিমালার পরিবর্তন/পরিমার্জন/সংশোধন সময় সাপেক্ষ বিধায় আপাতত বিষয়টি এজেন্ডা হতে বাদ দেয়ার জন্য সভায় নির্দেশনা প্রদান করেন।<br>সভাকে অবহিত করা হয় যে, নীলক্ষেত হোস্টেল ব্যতীত ঢাকার বিভিন্ন কর্মজীবী মহিলা হোস্টেলে | (ছ) কেবলমাত্র আশুলিয়া কর্মজীবী মহিলা হোস্টেলে কর্মজীবী নারীর পাশাপাশি ছাত্রী ভর্তি করার ব্যবস্থা গ্রহণ করতে হবে। মহাপরিচালক, মহিলা বিষয়ক অধিদপ্তর পৃথক সভা করে এ বিষয়ে ব্যবস্থা গ্রহণ করতে হবে। | (ছ) মহাপরিচালক (মবিঅ), নির্বাহী পরিচালক (জামস), মবিঅ-২ শাখা, মশিবিম। |

| ক্রমিক | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| | | অনেক সিট ফাকা থাকে, বিশেষ করে লালমাটিয়া, খিলগাও ইত্যাদি হোস্টেলে। সকল হোস্টেলগুলোতে কোন সিট যেন ফাকা না থাকে সে সংক্রান্ত প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য সভাপতি নির্দেশনা দেন। | | |

১৪। যুগ্মসচিব (শিশু ও সমন্বয়) সভাকে অবহিত করেন যে, সেপ্টেম্বর/২০২৫ মাসের কার্যবিবরণী অনুযায়ী ০৩টি সিদ্ধান্ত বাস্তবায়িত ও ০৪টি সিদ্ধান্ত নিষ্পন্ন এবং ৩০টি আংশিক বাস্তবায়িত হয়েছে।

১৫। অতঃপর আলোচ্যসূচি অনুযায়ী আলোচনা শেষে উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করা হয়।

২১/১১/২০২৫
(মমতাজ আহমেদ, এনডিসি)
সিনিয়র সচিব